

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd



স্মারক নম্বরঃ ২৪.০২.০০০০.০০১.১৮.০০৭.১৯-৫২৫

তারিখঃ

১৮ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ


০১ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪ তারিখঃ ২৯/০৩/২০২১ এর প্রজ্ঞাপন এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অফিস আদেশ নম্বর-২৪.০০.০০০০.১১১.১৮.৩২৪.২০-২৭৬, তারিখঃ ৩১/০৩/২০২১ মোতাবেক জানানো যাচ্ছে যে, এ কার্যালয়ের পরিচালক/প্রকল্প পরিচালক/উপপরিচালকগণ নিজ নিজ উইং/প্রকল্প/শাখার সাপোর্ট স্টাফের দৈনিক উপস্থিতি সংখ্যা নির্ধারণ করবেন যা শাখায় কর্মরত সাপোর্ট স্টাফের শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগের বেশি হবে না।

- ০২। (ক) বস্ত্র অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কার্যালয়/প্রতিষ্ঠান প্রধানগণ স্ব-স্ব দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের দৈনিক উপস্থিতির সংখ্যা উক্ত সিদ্ধান্ত অনুসারে নির্ধারণ করবেন;
- (খ) দাপ্তরিক দায়িত্ব পালনকালে স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- (গ) গর্ভবতী/অসুস্থ/৫৫-উর্দ্ধ কর্মকর্তা/কর্মচারীগণ বাড়িতে অবস্থান করে সম্ভাব্য সকল ক্ষেত্র অনলাইনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করবেন;
- (ঘ) সকল কর্মকর্তা/কর্মচারী স্বাস্থ্য বিধি নিশ্চিতকরণের জন্য সর্বাবস্থায় মাস্ক পরিধানসহ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৯-০৩-২০২১ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪ সংখ্যক প্রজ্ঞাপনের নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে;
- (ঙ) সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে;
- (চ) অফিস চলাকালীন কর্মকর্তা/কর্মচারীগণ স্ব স্ব কক্ষে অবস্থান করবেন। জরুরী প্রয়োজন ছাড়া এক কক্ষ হতে অন্য কক্ষে যাতায়াত থেকে বিরত থাকবেন।

০৩। জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তি নির্দেশ না দেয়া পর্যন্ত আপাততঃ ০২(দুই) সপ্তাহ পর্যন্ত বলবৎ থাকবে।


(মোঃ নূরুজ্জামান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

বিতরণ কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (পরিচালনা ও উন্নয়ন এবং শিক্ষা), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক (বস্ত্র), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক,.....(সকল) বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। অধ্যক্ষ,.....(সকল).....।
- ৭। উপপরিচালক/সমমান,.....(সকল) বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৮। উপপরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ৯। সুপারিনটেন্ডেন্ট,(সকল).....।
- ১০। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১১। সহকারী পরিচালক/সমমান,.....(সকল) বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ১২। সহকারী পরিচালক, জেলা বস্ত্র অধিদপ্তর, টাঙ্গাইল/পাবনা/নারায়ণগঞ্জ/গাজীপুর/ নরসিংদী।
- ১৩। ১১-২০ গ্রেডের সকল কর্মচারী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ১৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ১৫। লাইব্রেরিয়ান, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১৬। অফিস আদেশ নথি।